তারিখ ... 05 SEP 1990 ...
পৃষ্ঠা ... 2 ... কলাম ... ৮ ...

দৈনিক ইত্তেফাক

## মাদ্রাসা পাস ছাত্রদের বক্তব্য

গত ২৯শে আগষ্ট 'চিঠিপত্র কলামে প্রকাশিত 'ফাজেল পাস ছাত্রদের বক্তব্য' শীর্ষক পত্রটির সহিত আমরাও একমত। বর্তমানে মাদ্রাসার শিক্ষা সাধারণ শিক্ষার সমমানসম্পন্ন ঘোষণা করা সত্বেও ফাজিল পাস ছাত্রদের যথাযথ সুযোগ-সুবিধা হইতে বঞ্চিত করা হইতেছে। ফাজিল পাস ছাত্রদের বি,সি,এস পরীক্ষা দেওয়ার বা বিশ্ববিদ্যালয়ে মাষ্টার্স শ্রেণীতে ভর্তি হইবার সুযোগ হইতেছে না। ফলে হাজার হাজার ফাজিল পাস ছাত্রের ভবিষ্যৎ অনিশ্চিত হইয়া পড়িয়াছে। এদিকে কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করিতেছি।

—মোঃ আতীকুর রহমান (সাব্বির), সূর্যসেন হল, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা।